ফলাফলঃ পরীক্ষণ- ২

সি প্রোগ্রামিং ভাষা-এর (ফলাফলঃ পরীক্ষণ- ২) পাশের পৃষ্ঠায় সংযোজন করো

পরীক্ষণ নংঃ ৩

পরীক্ষণের নামঃ ১ম n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল নির্ণয়ের জন্য অ্যালগরিদম, ফ্লোচার্ট ও প্রোগ্রাম তৈরি করো

তত্ত্বঃ কীবোর্ডের মাধ্যমে একটি সংখ্যা n (শেষ পদের মান) ইনপুট দিতে হবে । ০ (শূন্য) এর সাথে ১ম পদ যোগ করে ১ম যোগফল পাওয়া যাবে। এরপর যোগফলের সাথে পর্যায়ক্রমিকভাবে একটির পর একটি স্বাভাবিক সংখ্যা যোগ করে যোগফল নির্ণয় করা হবে । ইনপুটকৃত সংখ্যা n পর্যন্ত যোগ প্রক্রিয়া চলতে থাকবে ।

যন্ত্রপাতিঃ পরীক্ষণটি সম্পাদনের জন্য নিম্নোক্ত হার্ডওয়্যার ও সফটওয়্যার প্রয়োজন হবে-

হার্ডওয়্যারঃ একটি কম্পিউটার ।

সফটওয়্যারঃ অপারেটিং সিস্টেম- Windows 10 / Windows 11

C ভাষায় এডিটর-Turbo C++ / Borland C++ / Code Blocks

যন্ত্রপাতির ব্যবহারঃ

১. কম্পিউটারের বৈদ্যুতিক সংযোগ পরীক্ষা করি এবং প্রয়োজনে সংযোগ প্রদান করি ।
২. কম্পিউটারের পাওয়ার সুইচ অন (on) করে কম্পিউটার চালু করি ।
৩. উল্লেখিত সফটওয়্যার কম্পিউটারে ইনস্টল আছে কিনা তা নিশ্চিত হয়ে প্রোগ্রামটি চালু করি ।
৪. পরীক্ষণটি সম্পন্ন করতে পরীক্ষণ প্রক্রিয়া অনুসরণ করি ।
৫. পরীক্ষণটি সম্পন্ন হলে তা সংরক্ষণ (save) করি এবং ফলাফল শিক্ষক মহোদয়কে দেখিয়ে চালুকৃত প্রোগ্রামসমূহ সম্পূর্ণ বন্ধ করি ।
৬. নিয়মানুযায়ী কম্পিউটার শাট ডাউন (shut down) করে বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করি ।

প্রক্রিয়া অনুসরণঃ পরীক্ষণটি সম্পন্ন করার জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করি-

১. কম্পিউটার চালু করি ।
২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।
৩. এখন All Programs-এ ক্লিক করি ।
৪. এখন Turbo C++ / Borland C++ / Code Blocks এ ক্লিক করলে Turbo C++ / Borland C++ / Code Blocks প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।
৫. এখন এডিটর উইন্ডোতে C Program টাইপ করি ।

১ম n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল অর্থাৎ s= 1+2+3+4+… … +n সিরিজের যোগফল নির্ণয়ের অ্যালগরিদম ও ফ্লোচার্ট নিম্নরূপঃ

অ্যালগরিদম	*ফ্লোচার্ট*
ধাপ-১ : প্রোগ্রাম শুরু। ধাপ-২ : ইনপুট হিসেবে n এর মান গ্রহণ। ধাপ-৩ : এখানে, যোগফল s এবং কাউন্টার c, যাদের মান s=0 এবং c=1 নির্ধারণ। ধাপ-৪ : যোগফল s=s+c এবং c চলকের মান c=c+1 নির্ণয় করি । ধাপ-৫ : c চলকের মান প্রতিবার n এর সাথে তুলনা করতে হবে। যদি, ছোট বা সমান হয়, তাহলে পূর্ববর্তী ধাপ অর্থাৎ ধাপ নং ৪-এ ফিরে যাবে। অন্যথায় পরবর্তী ধাপে যাবে।	

ধাপ-৬ : ফলাফল অর্থাৎ s এর মান প্রদর্শন করি। ধাপ-৭ : প্রোগ্রাম শেষ।	

সি প্রোগ্রামঃ

/* A Program to Calculate Sum of 1st n Natural NumberS */

```
#include<stdio.h>
#include<conio.h>
int main()
{
 int c, n,s;
 printf("\n Enter the value of n ");
 scanf("%d", &n);
 s=0;
c=1;
 for (c=1;c<=n;c=c+1)
 {
   s=s+c;
 }
 printf("\n The Sum of the Series  is %d ",s);
return 0;
}
```

ফাইল সংরক্ষণঃ ফাইল সংরক্ষণ করার জন্য নিম্নলিখিতভাবে কাজ করতে হবেঃ

১. File মেনু থেকে Save এ ক্লিক করতে হবে । Save As ডায়ালগ বক্স আসবে ।

২. লোকেশন নির্দিষ্ট করে উক্ত Save As ডায়ালগ বক্সে যে নামে ফাইলটি সংরক্ষণ করা হবে সেই নাম লিখে .c বা .cpp এক্সটেনশনসহ সংরক্ষণ করতে হবে (যেমন-Lab-03.cpp)।

ব্যাখ্যাঃ পরীক্ষণটিতে ব্যবহৃত স্টেটমেন্টগুলোর ব্যাখ্যা নিম্নে উল্লেখ করা হলো-

স্টেটমেন্ট	ব্যবহারের কারণ
/* A Program to Calculate Sum of 1st n Natural NumberS */	**প্রোগ্রামের মন্তব্যঃ** প্রোগ্রামে /* ও */ চিহ্নের মাঝে মন্তব্য লিখতে হয় । প্রোগ্রামে এর কোনো প্রভাব থাকে না । এতে প্রোগ্রাম রচয়িতা বা প্রোগ্রামের কাজ **উল্লেখ** থাকে ।
# include <stdio.h> # include <conio.h>	**হেডার ফাইলঃ** প্রদত্ত ফাংশনটিতে printf(), scanf() ও getch() কার্যকর করার জন্য stdio.h ও conio.h প্রয়োজনীয় Header ফাইলগুলোর লাইব্রেরি ফাংশন ব্যবহৃত হয়েছে ।
main()	**main ফাংশনঃ** main() ফাংশন হতে সি প্রোগ্রামের কাজ শুরু হয় । তাই প্রোগ্রামে অবশ্যই ফাংশনটি অন্তর্ভুক্ত করতে হবে । প্রোগ্রামের সকল নির্দেশ এই ফাংশনের অধীনে দ্বিতীয় বন্ধনী { }-এর মধ্যে অন্তর্ভুক্ত থাকে ।
int c, n,s;	**চলক ঘোষণাঃ** কাউন্টার, শেষপদ এবং যোগফল-এর জন্য পূর্ণসংখ্যা চলক যথাক্রমে c, n ও s ব্যবহার করা হয়েছে ।

printf("\n Enter the value of n "); scanf("%d", &n);	**ইনপুট গ্রহণঃ** ব্যবহারকারীর নিকট হতে কীবোর্ড দ্বারা কোনো কিছু ইনপুট নিতে scanf() ব্যবহৃত হয় । শেষ পদ n-এর মান প্রদানের জন্য message দেখালে কীবোর্ড-এর মাধ্যমে n-এর মান প্রদানের জন্য scanf() ব্যবহৃত হয়েছে ।
s=0; c=1;	**প্রারম্ভিক মানঃ** যোগফল, s=0 এবং কাউন্টার, c=1 নির্ধারণ ।

for (c=1;c<=n;c=c+1)
  {
   s=s+c;
  }
	প্রক্রিয়াকরণঃ c<=n সাপেক্ষে
	(ক) যোগফল s ও কাউন্টার চলক c-এর মান যোগ করে নতুন যোগফল s নির্ণয় ।
	(খ) কাউন্টার চলক c-এর মান 1 বৃদ্ধিকরণ ।

printf("\n The Sum of the Series is %d ",s);	**আউটপুট প্রদর্শনঃ** মনিটরে কোনো কিছু প্রদর্শনের জন্য printf() ব্যবহৃত হয় । ধারাটির যোগফল s-এর মান মনিটরে প্রদর্শনের জন্য printf() ব্যবহৃত হয়েছে ।
return 0;	**প্রোগ্রামের সমাপ্তিঃ** কীবোর্ডের যেকোনো কী চাপ দেওয়া সাপেক্ষে আউটপুট স্ক্রিন বন্ধ করা ।

ফলাফলঃ ctrl+F10 চেপে প্রোগ্রামটি রান করলে নিম্নরূপ ফলাফল আসবে । অথবা Build মেনু থেকে Build and run কমান্ডে ক্লিক করলে নিম্নরূপ ফলাফল আসবে । প্রাপ্ত ফলাফলটি শিক্ষক / পরীক্ষক মহোদয়কে দেখানো হলো ।

সতর্কতাঃ C Programming Language টি Case Sensitive । অর্থাৎ এ ভাষায় প্রোগ্রাম লেখার সময় ছোট বড় হরফের দিকে বিশেষ খেয়াল রাখতে হবে । প্রোগ্রামটি Run করার পর ভুলের তথ্য স্ক্রিনে দেখা যাবে এবং ভুল অংশ চিহ্নিত করে দেখাবে । তবে প্রোগ্রামের যে লাইনটি কম্পিউটার চিহ্নিত করবে সেই লাইনটিতে ভুলটি না থেকে ওপরে বা নিচের লাইনেও থাকতে পারে।

Output:



ফলাফলঃ পরীক্ষণ-৩

সি প্রোগ্রামিং ভাষা-এর (ফলাফলঃ পরীক্ষণ-৩) পাশের পৃষ্ঠায় সংযোজন করো

পরীক্ষণ নংঃ ৪

পরীক্ষণের নামঃ কোনো একটি পূর্ণসংখ্যার ফ্যাক্টোরিয়াল নির্ণয়ের জন্য অ্যালগরিদম, ফ্লোচার্ট ও প্রোগ্রাম তৈরি করো

তত্ত্বঃ কীবোর্ডের মাধ্যমে একটি পূর্ণসংখ্যা ইনপুট দিয়ে তার ফ্যাক্টোরিয়াল নির্ণয় করতে হবে । ১ (এক) এর সাথে ১ম কাউন্টার অর্থাৎ ১ (এক) গুণ কওে ১ম গুণফল পাওয়া যাবে । এরপর গুণফলের সাথে পর্যায়ক্রমিকভাবে কাউন্টার চলক গুণ করে গুণফল নির্ণয় করা হবে । ইনপুটকৃত সংখ্যা n পর্যন্ত গুণ প্রক্রিয়া চলতে থাকবে ।

যন্ত্রপাতিঃ পরীক্ষণটি সম্পাদনের জন্য নিম্নোক্ত হার্ডওয়্যার ও সফটওয়্যার প্রয়োজন হবে-

হার্ডওয়্যারঃ একটি কম্পিউটার ।

সফটওয়্যারঃ অপারেটিং সিস্টেম- Windows 10 / Windows 11

C ভাষায় এডিটর-Turbo C++ / Borland C++ / Code Blocks

যন্ত্রপাতির ব্যবহারঃ

১. কম্পিউটারের বৈদ্যুতিক সংযোগ পরীক্ষা করি এবং প্রয়োজনে সংযোগ প্রদান করি ।
২. কম্পিউটারের পাওয়ার সুইচ অন (on) করে কম্পিউটার চালু করি ।
৩. উল্লেখিত সফটওয়্যার কম্পিউটারে ইনস্টল আছে কিনা তা নিশ্চিত হয়ে প্রোগ্রামটি চালু করি ।
৪. পরীক্ষণটি সম্পন্ন করতে পরীক্ষণ প্রক্রিয়া অনুসরণ করি ।
৫. পরীক্ষণটি সম্পন্ন হলে তা সংরক্ষণ (save) করি এবং ফলাফল শিক্ষক মহোদয়কে দেখিয়ে চালুকৃত প্রোগ্রামসমূহ সম্পূর্ণ বন্ধ করি ।
৬. নিয়মানুযায়ী কম্পিউটার শাট ডাউন (shut down) করে বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করি ।

প্রক্রিয়া অনুসরণঃ পরীক্ষণটি সম্পন্ন করার জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করি-

১. কম্পিউটার চালু করি ।
২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।
৩. এখন All Programs-এ ক্লিক করি ।
৪. এখন Turbo C++ / Borland C++ / Code Blocks এ ক্লিক করলে Turbo C++ / Borland C++ / Code Blocks প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।
৫. এখন এডিটর উইন্ডোতে C Program টাইপ করি ।

দুইটি পূর্ণসংখ্যার ফ্যাক্টোরিয়াল নির্ণয়ের অ্যালগরিদম ও ফ্লোচার্ট নিম্নরূপঃ

অ্যালগরিদম	*ফ্লোচার্ট*
ধাপ-১ : প্রোগ্রাম শুরু । ধাপ-২ : ইনপুট হিসেবে n এর মান গ্রহণ করি । ধাপ-৩ : এখন, Factorial কে f দ্বারা এবং counter কে c হিসেবে চিহ্নিত করি । f=1, c=1 নির্ধারণ করি । ধাপ-৪ : এখন, f = f×c , c = c+1 নির্ণয় করি । ধাপ-৫ : c চলকের মান প্রতিবার n এর সাথে তুলনা করতে হবে । যদি, ছোট বা সমান হয়, তাহলে পূর্ববর্তী ধাপ অর্থাৎ ধাপ নং ৪-এ ফিরে যাবে । অন্যথায় পরবর্তী ধাপে যাবে । ধাপ-৬ : এখন Factorial প্রদর্শন অর্থাৎ print s করি ।	

ধাপ-৭ : প্রোগ্রাম শেষ।	

সি প্রোগ্রামঃ

/* A Program to Calculate Factorial of a Integer Number */

```
#include<stdio.h>
#include<conio.h>
int main()
{
 int c, n,s;
 printf("\n Enter the value of n  ");
 scanf("%d", &n);
 s=1;
 for (c=1;c<=n;c=c+1)
  {
 s=s*c;
  }
 printf("\n The Factorial is %d", s);
return 0;
}
```

ফাইল সংরক্ষণঃ ফাইল সংরক্ষণ করার জন্য নিম্নলিখিতভাবে কাজ করতে হবেঃ

১. File মেনু থেকে Save এ ক্লিক করতে হবে । Save As ডায়ালগ বক্স আসবে ।

২. লোকেশন নির্দিষ্ট করে উক্ত Save As ডায়ালগ বক্সে যে নামে ফাইলটি সংরক্ষণ করা হবে সেই নাম লিখে .c বা .cpp এক্সটেনশনসহ সংরক্ষণ করতে হবে (যেমন-Lab-04.cpp)।

ব্যাখ্যাঃ পরীক্ষণটিতে ব্যবহৃত স্টেটমেন্টগুলোর ব্যাখ্যা নিম্নে উল্লেখ করা হলো-

স্টেটমেন্ট	ব্যবহারের কারণ
/* A Program to Calculate Factorial of a Integer Number */	**প্রোগ্রামের মন্তব্যঃ** প্রোগ্রামে /* ও */ চিহ্নের মাঝে মন্তব্য লিখতে হয় । প্রোগ্রামে এর কোনো প্রভাব থাকে না । এতে প্রোগ্রাম রচয়িতা বা প্রোগ্রামের কাজ উল্লেখ থাকে ।
# include <stdio.h> # include <conio.h>	**হেডার ফাইলঃ** প্রদত্ত ফাংশনটিতে printf(), scanf() ও getch() কার্যকর করার জন্য stdio.h ও conio.h প্রয়োজনীয় Header ফাইলগুলোর লাইব্রেরি ফাংশন ব্যবহৃত হয়েছে ।
main()	**main ফাংশনঃ** main() ফাংশন হতে সি প্রোগ্রামের কাজ শুরু হয় । তাই প্রোগ্রামে অবশ্যই ফাংশনটি অন্তর্ভুক্ত করতে হবে । প্রোগ্রামের সকল নির্দেশ এই ফাংশনের অধীনে দ্বিতীয় বন্ধনী { }-এর মধ্যে অন্তর্ভুক্ত থাকে ।
int c, n,s;	**চলক ঘোষণাঃ** কাউন্টার, একটি সংখ্যা এবং ফ্যাক্টোরিয়াল-এর জন্য পূর্ণসংখ্যা চলক যথাক্রমে c, n ও s ব্যবহার করা হয়েছে ।
printf("\n Enter the value of n "); scanf("%d", &n);	**ইনপুট গ্রহণঃ** ব্যবহারকারীর নিকট হতে কীবোর্ড দ্বারা কোনো কিছু ইনপুট নিতে scanf() ব্যবহৃত হয় । একটি সংখ্যা n-এর মান

	প্রদানের জন্য message দেখালে কীবোর্ড-এর মাধ্যমে n–এর মান প্রদানের জন্য scanf() ব্যবহৃত হয়েছে ।
s=1; c=1;	**প্রারম্ভিক মানঃ** যোগফল, s=1 এবং কাউন্টার, c=1 নির্ধারণ ।

for (c=1;c<=n;c=c+1)
  {
   s=s*c;
  }
	প্রক্রিয়াকরণঃ c<=n সাপেক্ষে
	(ক) ফ্যাক্টোরিয়াল s ও কাউন্টার চলক c-এর মান গুণ করে নতুন ফ্যাক্টোরিয়াল s নির্ণয় ।
	(খ) কাউন্টার চলক c-এর মান 1 বৃদ্ধিকরণ ।

printf("\n The Factorial is %d", s);	**আউটপুট প্রদর্শনঃ** মনিটরে কোনো কিছু প্রদর্শনের জন্য printf() ব্যবহৃত হয় । একটি পূর্ণসংখ্যার ফ্যাক্টোরিয়াল s-এর মান মনিটরে প্রদর্শনের জন্য printf() ব্যবহৃত হয়েছে ।
return 0;	**প্রোগ্রামের সমাপ্তিঃ** কীবোর্ডের যেকোনো কী চাপ দেওয়া সাপেক্ষে আউটপুট স্ক্রিন বন্ধ করা ।

ফলাফলঃ ctrl+F10 চেপে প্রোগ্রামটি রান করলে নিম্নরূপ ফলাফল আসবে । অথবা Build মেনু থেকে Build and run কমান্ডে ক্লিক করলে নিম্নরূপ ফলাফল আসবে । প্রাপ্ত ফলাফলটি শিক্ষক / পরীক্ষক মহোদয়কে দেখানো হলো ।

সতর্কতাঃ C Programming Language টি Case Sensitive । অর্থাৎ এ ভাষায় প্রোগ্রাম লেখার সময় ছোট বড় হরফের দিকে বিশেষ খেয়াল রাখতে হবে । প্রোগ্রামটি Run করার পর ভুলের তথ্য স্ক্রিনে দেখা যাবে এবং ভুল অংশ চিহ্নিত করে দেখাবে । তবে প্রোগ্রামের যে লাইনটি কম্পিউটার চিহ্নিত করবে সেই লাইনটিতে ভুলটি না থেকে ওপরে বা নিচের লাইনেও থাকতে পারে ।

Output:



ফলাফলঃ পরীক্ষণ- ৪

সি প্রোগ্রামিং ভাষা-এর (ফলাফলঃ পরীক্ষণ-৪) পাশের পৃষ্ঠায় সংযোজন করো

ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম (Database Management System)

পরীক্ষণ নংঃ ১

পরীক্ষণের নামঃ DB Browser for SQLite প্রোগ্রাম চালু করে ডেটাবেজ ও টেবিল তৈরি করা

তত্ত্বঃ
আক্ষরিক অর্থে, ডেটাবেজ হচ্ছে ডেটার সমাহার, অর্থাৎ যেখানে অনেক ডেটা থাকে। তবে সফটওয়্যার জগতে ডেটাবেজ হচ্ছে এমন একটি সফটওয়্যার যেখানে প্রচুর পরিমাণ তথ্য একসঙ্গে সংরক্ষণ করা যায়, দরকারি তথ্য বের করা যায়, নতুন তথ্য যোগ করা যায় এবং প্রয়োজন মতো কোনো তথ্য পরিবর্তন, পরিবর্ধন ও মুছে ফেলা যায়। ডেটাবেজকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য কিছু প্রোগ্রাম বা সফটওয়্যার মিলেই গঠিত হয় ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম। এরূপ একটি হলো– DB Browser for SQLite প্রোগ্রাম। এটি ব্যবহার করে ডেটাবেজ ও টেবিল তৈরি, রেকর্ড আপডেট ও ডেটাবেজ ডিজাইনসহ প্রোগ্রাম তৈরি করা যায়। ডেটাবেজে টেবিল তৈরির জন্য CREATE কুয়েরি কমান্ড ব্যবহার হয়।

প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ পার্সোনাল কম্পিউটার যেমন- ডেস্কটপ / ল্যাপটপ।

প্রয়োজনীয় সফটওয়্যারঃ অপারেটিং সিস্টেম উইন্ডোজ ৭/৮/১০ ভার্সন ও DB Browser for SQLite অ্যাপ্লিকেশন প্রোগ্রাম।

প্রক্রিয়া অনুসরণঃ পরীক্ষণটি সম্পন্ন করার জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করি-

১. কম্পিউটার চালু করি ।
২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।
৩. এখন Start-এ ক্লিক করি ।
৪. এখন DB Browser (SQLite) এ ক্লিক করলে DB Browser (SQLite) প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।

- File--> New Database-এ ক্লিক করলে একটি ডায়ালগ বক্স আসবে। সেখানে ফাইল নেম অংশে ডেটাবেজের নাম College এবং save as type (SQLite Database file(*.db*. sqlite*. sqlite3*.db3) নামে রাখতে হবে। ধরি, এটি কম্পিউটারের D ড্রাইভে সংরক্ষণ করা হবে। এক্ষেত্রে College.db নামে একটি ডেটাবেজ তৈরি হলো।

ডেটাবেজে টেবিল তৈরি করা:

- এরপর DB Browser for SQLite সফটওয়্যারে Database structure বাটনের নিচে Create Table ক্লিক করলে Edit Table definition নামে একটি ডায়ালগ বক্স আসবে ।
- টেবিলের নাম student লিখতে হবে এবং Add field বাটনে ক্লিক করে প্রথম কলামের নাম id লিখে ডেটাটাইপ হিসেবে integer ও প্রাইমারি কি (PK) এবং অটো ইনক্রিমেন্ট (AI) সিলেক্ট করি।
- এভাবে দ্বিতীয় কলাম যোগ করতে Add field বাটনে ক্লিক করে name লিখে ডেটাটাইপ TEXT সিলেক্ট করি।
- তৃতীয় কলাম যোগ করতে Add field বাটনে ক্লিক করে class লিখে ডেটাটাইপ INTEGER সিলেক্ট করি।
- ৪র্থ কলাম যোগ করতে Add field বাটনে ক্লিক করে roll লিখে ডেটাটাইপ INTEGER সিলেক্ট করি।
- ৫ম কলাম যোগ করতে Add field বাটনে ক্লিক করে section লিখে ডেটাটাইপ TEXT সিলেক্ট করি ।
- তারপর OK বাটনে ক্লিক করলে student নামে টেবিলটি College.db ডেটাবেজে সংরক্ষিত হবে এবং চিত্র ১৫.৫-এর ন্যায় দেখাবে।

ফলাফল:





ডেটাবেজ টেবিল তৈরি   ডেটাবেজ টেবিল সংরক্ষণ

এ ল্যাব ওয়ার্কটি সম্পন্ন হলে College.db ডেটাবেজে student নামে একটি টেবিল তৈরি হবে।

ব্যাখ্যা: ডেটাবেজ তৈরি করার আগে DB Browser for SQLite প্রোগ্রামে ডেটাবেজ তৈরি সম্পর্কে জানা প্রয়োজন। নতুন ডেটাবেজে টেবিল তৈরির নিয়ম কানুন না জেনে ডেটাবেজ টেবিল তৈরি করতে অসুবিধা হবে।

পরীক্ষণ নংঃ ২

পরীক্ষণের নামঃ DB Browser for SQLite প্রোগ্রামে চালু টেবিলের ডেটা টাইপ পরিবর্তন বা আপডেট করা

তত্ত্ব: DB Browser for SQLite প্রোগ্রামে চালু টেবিলের ডেটা টাইপ পরিবর্তন বা আপডেট করা

প্রয়োজনীয় যন্ত্রপাতি: পার্সোনাল কম্পিউটার যেমন- ডেস্কটপ / ল্যাপটপ।

প্রয়োজনীয় সফটওয়্যার: অপারেটিং সিস্টেম উইন্ডোজ ৭/৮/১০ ভার্সন ও DB Browser for SQLite অ্যাপ্লিকেশন প্রোগ্রাম।

প্রক্রিয়া অনুসরণঃ পরীক্ষণটি সম্পন্ন করার জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করি-

১. কম্পিউটার চালু করি ।

২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।

৩. এখন Start-এ ক্লিক করি ।

৪. এখন DB Browser (SQLite) এ ক্লিক করলে DB Browser (SQLite) প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।

৫. College.db ডেটাবেজ ফাইলটি ওপেন করতে হবে। অর্থাৎ যেখানে ডেটাবেজ ফাইলটি সংরক্ষণ করা হয়েছে।

৬. এরপর প্রোগ্রামের Open Database আইকনে/ File মেনু থেকে Open Database ক্লিক করে College.db নামে ডেটাবেজ ফাইলটিকে উ ড্রাইভ থেকে ওপেন করতে হবে। তারপর

৭. টেবিলটির উপর মাউসের রাইট বাটন ক্লিক করলে Table, Modify Table, Delete Table দেখাবে এবং Modify Table ওপর ক্লিক করতে হবে।

৮. তারপর student টেবিলের Class কলামের ওপর মাউস দিয়ে সিলেক্ট করে ডেটা টাইপ Text এ পরিবর্তন করা যাবে। এরপর

৯. OK বাটন ক্লিক করলে টেবিলটি নতুন ডেটাটাইপে সংরক্ষণ হবে।

ফলাফল: এ ল্যাব ওয়ার্কটি সম্পন্ন হলে পূর্বের টেবিলের নামের পরিবর্তে নতুন টেবিল নাম ডেটাবেজে সংরক্ষিত হবে।



ব্যাখ্যা: ডেটাবেজে অনেক সময় টেবিলের কোনো একটি কলামের ওপর গাণিতিক প্রক্রিয়ার কাজ করার প্রয়োজন হয়। সেক্ষেত্রে ডেটাবেজ টেবিলের কলামের ডেটাটাইপ পরিবর্তন করতে হয়। তাই DB Browser (SQLite) ডেটাবেজ প্রোগ্রাম ব্যবহার করে সহজেই টেবিলের ডেটাটাইপ হালনাগাদ বা পরিবর্তন করা যায়।

পরীক্ষণ নংঃ ৩

পরীক্ষণের নামঃ DB Browser for SQLite ডেটাবেজ প্রোগ্রামে কুয়েরির মাধ্যমে টেবিলে রেকর্ড মুছে ফেলা

তত্ত্ব: DB Browser for SQLite ডেটাবেজ প্রোগ্রামে কুয়েরির মাধ্যমে টেবিলে রেকর্ড মুছে ফেলা

প্রয়োজনীয় যন্ত্রপাতি: একটি পার্সোনাল ডেস্কটপ বা ল্যাপটপ কম্পিউটার।

প্রয়োজনীয় সফটওয়্যার: অপারেটিং সিস্টেম -৭/৮/১০ ও DB Browser for SQLite প্রোগ্রাম।

প্রক্রিয়া অনুসরণ: College.db ডেটাবেজ ফাইলটি ওপেন করতে হবে। অর্থাৎ যেখানে ডেটাবেজ ফাইলটি সংরক্ষণ করা হয়েছে। নিম্নের পদ্ধতিগুলো অনুসরণ করি:

১. কম্পিউটার চালু করি ।
২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।
৩. এখন Start-এ ক্লিক করি ।
৪. এখন DB Browser (SQLite) এ ক্লিক করলে DB Browser (SQLite)প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।
৫. এরপর প্রোগ্রামের Open Database আইকনে/File মেনু থেকে Open Database ক্লিক করে College.db নামে ডেটাবেজ ফাইলটিকে D ড্রাইভ থেকে ওপেন করতে হবে।
৬. এরপর DB Browser for SQLite সফটওয়্যারে Execute SQL ট্যাবে ক্লিক করলে ফলাফল প্রদর্শন করবে।
৭. তারপর টেবিল থেকে রেকর্ড মুছে ফেলার জন্য DELETE কুয়েরি লিখতে হবে। যে রেকর্ডটি মুছতে হবে সেটির ক্ষেত্রে শর্ত যুক্ত করতে হবে। student টেবিল থেকে Abid Hossen শিক্ষার্থীর রেকর্ড মুছে ফেলার কমান্ড হবে-

SQLite কুয়েরি কমান্ড :

```
DELETE FROM BPSCStudent
WHERE name='Sobuj Chakma';
```

তারপর এক্সিকিউট/F5 বাটনে ক্লিক করলে ফলাফল দেখাবে। রেকর্ডটি ডিলিট হয়েছে কিনা দেখার জন্য SELECT * FROM student; কুয়েরি লিখে এক্সিকিউট করলে দেখা যাবে Abid Hossen শিক্ষার্থীর রেকর্ড নেই ।

ফলাফল:



Execute SQL Window



SQL Command For Delete Record

এ ল্যাব ওয়ার্কটি সম্পন্ন হলে ডেটাবেজ টেবিল থেকে একটি রেকর্ড মুছে যাবে।

ব্যাখ্যা: ডেটাবেজে কিছু অপ্রয়োজনীয় ও ডুপ্লিকেট রেকর্ড থাকে, যেগুলো মেমোরি স্পেস দখল করে থাকে। তাই এই ধরনের রেকর্ডগুলো মুছে ফেলা প্রয়োজন। DB Browser (SQLite) ডেটাবেজ প্রোগ্রামে এসকিউলাইট কুয়েরি কমান্ড ব্যবহার করে রেকর্ড মুছে ফেলা যায়।

পরীক্ষণ নংঃ ৪

পরীক্ষণের নামঃ DB Browser for SQLite সফটওয়্যারে কুয়েরির মাধ্যমে একটি শর্ত মোতাবেক রেকর্ড অনুসন্ধান করা

প্রয়োজনীয় যন্ত্রপাতি: একটি পার্সোনাল ডেস্কটপ বা ল্যাপটপ কম্পিউটার।

প্রয়োজনীয় সফটওয়্যার: অপারেটিং সিস্টেম -৭/৮/১০ ও DB Browser for SQLite প্রোগ্রাম।

প্রক্রিয়া অনুসরণ: College.db ডেটাবেজ ফাইলটি ওপেন করতে হবে। অর্থাৎ যেখানে ডেটাবেজ ফাইলটি সংরক্ষণ করা হয়েছে ।

নিম্নের পদ্ধতিগুলো অনুসরণ করি:

১. কম্পিউটার চালু করি ।

২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।

৩. এখন Start-এ ক্লিক করি ।

৪. এখন DB Browser (SQLite) এ ক্লিক করলে DB Browser (SQLite)প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।

৫. এরপর প্রোগ্রামের Open Database আইকনে/File মেনু থেকে Open Database ক্লিক করে College.db নামে ডেটাবেজ ফাইলটিকে D ড্রাইভ থেকে ওপেন করতে হবে।

৬. এরপর DB Browser for SQLite সফটওয়্যারে Execute SQL ট্যাবে ক্লিক করতে হবে। ধরা যাক, student টেবিলে যে সকল শিক্ষার্থী শুধুমাত্র দ্বাদশ শ্রেণিতে পড়ে তাদের রেকর্ড প্রদর্শন করতে হবে।

7. তারপর কুয়েরি লিখতে হবে। টেবিল থেকে ডেটা পড়ার জন্য SELECT * FROM [table name] WHERE [column name] = [data]; ফরমেটে লিখতে হবে।

SQLite কুয়েরি কমান্ড:

SELECT*FROM BPSCStudent
WHERE section='A;

- তারপর এক্সিকিউট/F5 বাটনে ক্লিক করলে ফলাফল দেখাবে। ফলাফল-এ দেখা যাবে শুধুমাত্র দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের প্রদর্শন করছে।
- সবশেষে DB Browser for SQLite সফটওয়্যারে File মেনু থেকে Save all-এ ক্লিক করতে হবে।

ফলাফল:



Search Record

এ ল্যাব ওয়ার্কটি সম্পন্ন হলে ডেটাবেজের student টেবিল থেকে শুধুমাত্র নবম শ্রেণির শিক্ষার্থীদের রেকর্ড দেখা যাবে।

ব্যাখ্যা: ডেটাবেজে অনেকগুলো তথ্য থাকে কিন্তু মাঝে মধ্যে সবগুলোর তথ্যের মধ্য থেকে নির্দিষ্ট একটা গ্রুপের তথ্যের প্রয়োজন হয়। নির্দিষ্ট গ্রুপের তথ্য খোঁজা বা অনুসন্ধান করার জন্য SELECT কুয়েরির মাধ্যমে ডেটাবেজ টেবিল থেকে রেকর্ড/ডেটা দেখা যায়। সেক্ষেত্রে DB Browser (SQLite) ডেটাবেজ সফটওয়্যার ব্যবহার করে কাজটি সহজভাবে উপস্থাপন করা যায়।

পরীক্ষণ নংঃ ৫

পরীক্ষণের নামঃ DB Browser for SQLite প্রোগ্রামে কুয়েরির মাধ্যমে ডেটাবেজে নতুন দুটি টেবিল তৈরি করা।

প্রয়োজনীয় যন্ত্রপাতি: একটি পার্সোনাল ডেস্কটপ বা ল্যাপটপ কম্পিউটার।

প্রয়োজনীয় সফটওয়্যার: অপারেটিং সিস্টেম - ৭/৮/১০ ও DB Browser for SQLite প্রোগ্রাম।

প্রক্রিয়া অনুসরণ: College.db ডেটাবেজ ফাইলটি ওপেন করতে হবে। অর্থাৎ যেখানে ডেটাবেজ ফাইলটি সংরক্ষণ করা হয়েছে। নিম্নের পদ্ধতিগুলো অনুসরণ করি:

১. কম্পিউটার চালু করি ।
২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।
৩. এখন Start-এ ক্লিক করি ।
৪. এখন DB Browser (SQLite) এ ক্লিক করলে DB Browser (SQLite)প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।
৫. এরপর প্রোগ্রামের Open Database আইকনে/File মেনু থেকে Open Database ক্লিক করে College.db নামে ডেটাবেজ ফাইলটিকে D ড্রাইভ থেকে ওপেন করতে হবে।
৬. এরপর DB Browser for SQLite সফটওয়্যারে Execute SQL ট্যাবে ক্লিক করতে হবে। ধরা যাক, student_info ও result নামে দুটি টেবিল তৈরি করতে হবে। টেবিল দুটির ডেটাটাইপ হবে–

student_info		result	
Column name:	Data type:	Column name	Data type:
roll	INTEGER	roll	INTEGER
name	TEXT	subject	TEXT
		marks	REAL

- তারপর student_info ও result টেবিলের ডেটাটাইপ অনুসারে SQLite কমান্ডের মাধ্যমে টেবিল তৈরি করতে হবে।

SQLite কুয়েরি কমান্ডঃ

CREATE TABLE student_info (roll INTEGER, name TEXT);
CREATE TABLE result (roll INTEGER, subject TEXT, marks REAL);

- তারপর এক্সিকিউট/F5 বাটনে ক্লিক করলে চিত্র ১৯-এর ন্যায় ফলাফল দেখাবে। Database structure বাটনে ক্লিক করলে student_info ও result নামে দুটি টেবিল দেখাবে।
- সবশেষে DB Browser for SQLite সফটওয়্যারে File মেনু থেকে Save all এ ক্লিক করতে হবে।

ফলাফল:



Create Table SQL Statement

এ ল্যাব ওয়ার্কটি সম্পন্ন হলে ডেটাবেজে একই সাথে দুটি টেবিল student_info ও result টেবিল তৈরি হবে।

ব্যাখ্যা: ডেটাবেজে অনেক ক্ষেত্রে বিভিন্ন কাজের জন্য নতুন নতুন টেবিল তৈরির প্রয়োজন হয়। একসাথে একাধিক টেবিল তৈরি কুয়েরি কমান্ডের মাধ্যমে করা যাবে। সেক্ষেত্রে DB Browser (SQLite) ডেটাবেজ সফটওয়্যার ব্যবহার করে কাজটি সহজভাবে উপস্থাপন করা যায়।

পরীক্ষণ নংঃ ৬

পরীক্ষণের নামঃ DB Browser for SQLite সফটওয়্যারের মাধ্যমে ডেটাবেজ টেবিলের রেকর্ড সর্টিং করা

প্রয়োজনীয় যন্ত্রপাতি: একটি পার্সোনাল ডেস্কটপ বা ল্যাপটপ কম্পিউটার।

প্রয়োজনীয় সফটওয়্যার: অপারেটিং সিস্টেম - ৭/৮/১০ ও DB Browser for SQLite প্রোগ্রাম।

প্রক্রিয়া অনুসরণ:

ধরা যাক, student নামে টেবিলটির পষধ্বং কলামের ওপর Ascending ও Descending Order করতে হবে। সেক্ষেত্রে College.db ডেটাবেজ ফাইলটি ওপেন করতে হবে। অর্থাৎ যেখানে ডেটাবেজ ফাইলটি সংরক্ষণ করা হয়েছে।

নিম্নের পদ্ধতিগুলো অনুসরণ করি:

১. কম্পিউটার চালু করি ।
২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।
৩. এখন Start-এ ক্লিক করি ।
৪. এখন DB Browser (SQLite) এ ক্লিক করলে DB Browser (SQLite)প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।

৫. এরপর প্রোগ্রামের Open Database আইকনে/File মেনু থেকে Open Database ক্লিক করে College.db নামে ডেটাবেজ ফাইলটিকে D ড্রাইভ থেকে ওপেন করতে হবে।

৬. এরপর DB Browser for SQLite সফটওয়্যারে Execute SQL ট্যাবে ক্লিক করতে হবে।

Ascending Order এর SQLite কুয়েরি কমান্ড:

SELECT * FROM BPSCStudent ORDER BY roll;

তারপর এক্সিকিউট/F5 বাটনে ক্লিক করলে চিত্র ২০.১-এর ন্যায় ফলাফল দেখাবে।

Descending Order এর SQLite কুয়েরি কমান্ড:

SELECT * FROM BPSCStudent ORDER BY roll DESC;

আবার এক্সিকিউট/F5 বাটনে ক্লিক করলে চিত্র ২০.২-এর ন্যায় ফলাফল দেখাবে।

- সবশেষে DB Browser for SQLite সফটওয়্যারে File মেনু থেকে Save all এ ক্লিক করতে হবে।

ফলাফল:



SQL Command For Sort Ascending



SQL Command For Sort Descending

এ ল্যাব ওয়ার্কটি সম্পন্ন হলে ডেটাবেজে student টেবিল-এর রেকর্ড কলাম অনুসারে ছোট থেকে বড় এবং বড় থেকে ছোট ক্রমে দেখাবে।

ব্যাখ্যা: ডেটাবেজে অনেকগুলো তথ্য থাকে। টেবিলের রেকর্ডগুলোকে একটি নির্দিষ্ট ক্রমে সাজাতে প্রয়োজন হয়। চাহিদা অনুযায়ী ডেটাগুলোকে নির্দিষ্ট ক্রমে সাজিয়ে প্রিন্ট করতে সর্টিং করার জন্য ORDER BY কুয়েরি ব্যবহৃত হয়। সেক্ষেত্রে DB Browser (SQLite) ডেটাবেজ সফটওয়্যার ব্যবহার করে কাজটি সহজভাবে উপস্থাপন করা যায়।

পরীক্ষণ নংঃ ৭

পরীক্ষণের নামঃ ডেটাবেজ টেবিলের মধ্যে ইনডেক্সিং তৈরি ও মুছে ফেলা

তত্ত্ব:

ইনডেক্সিং হচ্ছে একটি বিশেষ পদ্ধতি, যার দ্বারা ডেটা সহজে ও দ্রুত খুঁজে পাওয়া যায়। ডেটাবেজে টেবিল-এর কোনো একটি বিশেষ কলামের ওপর ইনডেক্স করলে সেই কলামের মান দিয়ে ডেটা খুঁজলে ডেটাবেজ সফটওয়্যার খুব দ্রুত সেটি বের করে দিতে পারে। একই সাথে টেবিলের একাধিক কলামের ওপর ইনডেক্স করা যায়।

ডেটাবেজে ইনডেক্স তৈরির কুয়েরি হচ্ছে–

CREATE INDEX [ইনডেক্সের নাম] ON [টেবিলের নাম] ([কলামের নাম], একাধিক কলামের ক্ষেত্রে নামগুলো কমা দিয়ে দিতে হবে);

প্রয়োজনীয় যন্ত্রপাতি: একটি পার্সোনাল ডেস্কটপ বা ল্যাপটপ কম্পিউটার।

প্রয়োজনীয় সফটওয়্যার: অপারেটিং সিস্টেম -৭/৮/১০ ও DB Browser for SQLite প্রোগ্রাম।

প্রক্রিয়া অনুসরণ:

ধরা যাক, student টেবিলের class কলামের ওপর ইনডেক্স করতে হবে। সেক্ষেত্রে College.db ডেটাবেজ ফাইলটি ওপেন করতে হবে। অর্থাৎ যেখানে ডেটাবেজ ফাইলটি সংরক্ষণ করা হয়েছে।

নিম্নের পদ্ধতিগুলো অনুসরণ করি:

১. কম্পিউটার চালু করি ।

২. পর্দার নিচের দিকে বাম কোণে Start Button এর উপর মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করলে একটি মেনু বা তালিকা আসবে ।

৩. এখন Start-এ ক্লিক করি ।

৪. এখন DB Browser (SQLite) এ ক্লিক করলে DB Browser (SQLite)প্রোগ্রাম চালু হয়ে পর্দায় একটি এডিটর উইন্ডো আসবে ।

৫. এরপর প্রোগ্রামের Open Database আইকনে/File মেনু থেকে Open Database ক্লিক করে College.db নামে ডেটাবেজ ফাইলটিকে D ড্রাইভ থেকে ওপেন করতে হবে।

৬. এরপর DB Browser for SQLite সফটওয়্যারে Execute SQL ট্যাবে ক্লিক করতে হবে।

ইনডেক্স তৈরির SQLite কুয়েরি কমান্ডঃ

CREATE INDEX student_class_idx ON BPSCStudent (class);

তারপর এক্সিকিউট/F5 বাটনে ক্লিক করলে চিত্র ২১.১-এর ন্যায় ফলাফল দেখাবে।

ইনডেক্সিং মুছে ফেলার SQLite কুয়েরি কমান্ডঃ

DROP INDEX student_class_idx;

আবার এক্সিকিউট/F5 বাটনে ক্লিক করলে চিত্র ২১.২-এর ন্যায় ফলাফল দেখাবে। পূর্বের করা ইনডেক্স মুছে যাবে।

ফলাফলঃ



SQL Command For CREATE Index



SQL Command For DROP Index

উপরোক্ত ল্যাব ওয়ার্কটি সম্পন্ন করলে যেকোনো টেবিলের কলামের ওপর ইনডেক্স তৈরি ও মুছে ফেলা যাবে।

ব্যাখ্যাঃ ডেটাবেজে অসংখ্য রেকর্ড থাকে। অসংখ্য রেকর্ড থেকে তথ্য খুঁজতে অনেক সময় লাগে অর্থাৎ টেবিলে যত বেশি রেকর্ড থাকবে তত বেশি সময় লাগবে। ডেটাবেজ থেকে সহজে ও দ্রুত সময়ে ডেটা খুঁজে বের করতে ইনডেক্সিং প্রয়োজন। ইনডেক্সিং করলে সহজে ডেটা পাওয়া যায়। তাই ইনডেক্স কুয়েরির মাধ্যমে এ ধরনের কাজগুলো সহজে উপস্থাপন করা যায়।